

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট

প্রশাসনিক পরিপত্র নং- ২১ /২০২৫

তারিখ: ১২.১১.২০২৫

সম্প্রতি প্রকাশিত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর আলোকে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ


ক্র.নং	নাম	পদবী
০১	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন উইং	আইসিবি
০২	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, অপারেশনাল উইং	সদস্য
০৩	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন	সদস্য
০৪	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যান্ড ভেস্চার ক্যাপিটাল ডিভিশন	সদস্য
০৫	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাকাউন্টস অ্যান্ড ফাইন্যান্স ডিভিশন	সদস্য
০৬	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, মার্চেন্টাইজিং ডিভিশন	সদস্য
০৭	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন	সদস্য
০৮	ডিপার্টমেন্ট প্রধান, ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট	সদস্য সচিব
০৯	সিস্টেম অ্যানালিস্ট-২, কম্পিউটার ডিপার্টমেন্ট	সদস্য

কমিটির কার্যপরিধিঃ

- (১) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর আলোকে মার্জিন হিসাব খোলার ফরম এবং আইসিএমএল ও বিনিয়োগ হিসাবধারীর মধ্যে চুক্তি প্রস্তুতকরণ;
- (২) মার্জিন রুলস, ১৯৯৯ অনুযায়ী পাঁচ লক্ষ টাকার কম সম্পদযুক্ত যেসকল বিনিয়োগ হিসাবে মার্জিন প্রদান করা হয়েছে নতুন মার্জিন বিধিমালা অনুযায়ী সেসকল হিসাবসমূহের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (৩) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর আলোকে একটি স্বতন্ত্র যুগপোযোগী মার্জিন বিনিয়োগ হিসাব ম্যানুয়াল প্রস্তুতকরণ;
- (৪) উক্ত বিধিমালার বিধি-০৮ এর নির্দেশনা মোতাবেক বুকিং ব্যবস্থাপনা কমিটি গঠন ও এর কার্যপরিধি নির্ধারণ;
- (৫) জারীকৃত বিধিমালার বিধি-১৩ মোতাবেক বুকিং মূল্যায়ন সংক্রান্ত গবেষণা দল (Research Team) গঠন ও এর কার্যপরিধি নির্ধারণ; এবং
- (৬) বিধিমালা সংশ্লিষ্ট অন্যান্য যে কোন বিষয়।

০২। এছাড়াও গঠিত কমিটি যে কোন কর্মচারি-কে প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

০৩। উক্ত কমিটি ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রদান করবে।


প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১. সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০২. প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ডিপার্টমেন্ট প্রধান, ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. সিস্টেম অ্যানালিস্ট-২, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।